**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস ও মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১৯৫-আইন/২০২৬/৫০/কাস্টমস।—** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, উক্ত আইনের ধারা ১২ ও দ্বিতীয় তফসিলের ক্রমিক ৭, ৮, ১১, ১৩, ৩২, ৩৩, ৩৫ ও ৪৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম।—** (১) এই বিধিমালা বেসরকারি কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো ও কন্টেইনার ফ্রেইট স্টেশন লাইসেন্সিং ও ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ৩০ (ত্রিশ) দিন পর কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।—** (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস)"** অর্থ বন্দর ও আইসিডি এর বাহিরে অবস্থিত বেসরকারি মালিকানাধীন স্থাপনা, যাহা এই বিধিমালার অধীন ওয়্যারহাউস হিসেবে আইনের ধারা ১২ অনুসারে স্বীকৃত এবং যেইখানে কাস্টমস নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট বন্দরের (বিমানবন্দর ব্যতীত) মাধ্যমে রপ্তানিতব্য পণ্যের স্টাফিং, আনস্টাফিং ও কায়িক পরীক্ষণসহ প্রয়োজনীয় কাস্টমস সংক্রান্ত কার্যক্রম সম্পন্নকরতঃ সিল্ড কন্টেইনার রপ্তানির জন্য সংশ্লিষ্ট বন্দরে প্রেরণ করা হয়;

(গ) **"কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো"** অর্থ আইনের ধারা ২(১২) এ সংজ্ঞায়িত কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো;

(ঘ) **"কাস্টমস কম্পিউটার সিস্টেম"** অর্থ আইনের ধারা ২ এর উপ-ধারা (১৫) তে সংজ্ঞায়িত কাস্টমস কম্পিউটার সিস্টেম;

(ঙ) **"বন্দর"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২(২০) এবং ধারা ৮ এ সংজ্ঞায়িত সমুদ্রবন্দর, নৌবন্দর, বিমানবন্দর ও স্থলবন্দর, কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো, কাস্টমস অভ্যন্তরীণ নৌ-কন্টেইনার টার্মিনাল;

(চ) **"বোর্ড"** অর্থ National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue;

(ছ) **"বেসরকারি কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো (আইসিডি)"** অর্থ দেশের অভ্যন্তরে অবস্থিত বেসরকারি মালিকানাধীন কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো, যেইখানে-

(অ) সংশ্লিষ্ট বন্দর হইতে আমদানিকৃত পণ্য কাস্টমস কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সিল্ড কন্টেইনারে পরিবহনকরতঃ সংরক্ষণ বা আনস্টাফিং ও সংরক্ষণ করা হয় এবং প্রয়োজনীয় কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া খালাস প্রদান করা হয়;

(আ) রপ্তানিকারকের চত্বর হইতে আগত রপ্তানিতব্য পণ্য বা পণ্যবাহী কন্টেইনার সংরক্ষণ, প্রযোজ্য ক্ষেত্রে আনস্টাফিং ও স্টাফিংসহ সকল কাস্টমস আনুষ্ঠানিকতা সমাপ্ত করিয়া সিল্ড কন্টেইনার রপ্তানির জন্য সংশ্লিষ্ট বন্দরে প্রেরণ করা হয়; এবং

(ই) আমদানি/রপ্তানিতব্য খালি কন্টেইনার সংরক্ষণ এবং আন্তঃদেশীয় ট্রানজিটের কন্টেইনার হ্যান্ডেলিং, সংরক্ষণ, স্টাফিং ও আনস্টাফিংসহ কাস্টমস সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়;

(জ) **"লাইসেন্স"** অর্থ আইনের ধারা ১২ এর অধীন প্রদত্ত ওয়্যারহাউস লাইসেন্স;

(ঝ) **"সংশ্লিষ্ট কমিশনার"** অর্থ এই বিধিমালার অধীন সংজ্ঞায়িত 'বেসরকারি কাস্টমস অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো (আইসিডি)' এবং 'কন্টেইনার ফ্রেইট স্টেশন (সিএফএস)' এর লাইসেন্স প্রদান ও এই সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস অথবা কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট; এবং

(ঞ) **"সংশ্লিষ্ট বন্দর"** অর্থ এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সধারীর জন্য নির্দিষ্টকৃত বন্দর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

**৩। বেসরকারি আইসিডি এবং সিএফএস এর লাইসেন্স প্রাপ্তির শর্ত।—**

(১) **সাধারণ শর্তাবলি**:

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানকে যথাযথভাবে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর হইতে নিবন্ধিত হইতে হইবে;

(খ) উদ্যোক্তা/উদ্যোক্তাগণ বা তৎকর্তৃক নিয়োগকৃত নির্বাহীর আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা, অথবা কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং এর ক্ষেত্রে অন্তত ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;

(গ) বেসরকারি আইসিডি এবং সিএফএস স্থাপনের পূর্বে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;

(ঘ) আবেদনকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন নম্বর, হালনাগাদ পিএসআর সনদ, হালনাগাদ ফায়ার লাইসেন্স, অগ্নি ও দূর্যোগ বীমা সনদ দাখিল করিতে হইবে।

**(২) স্থান নির্বাচন ও ধারণক্ষমতা সংক্রান্ত শর্তাবলি:**

(ক) বেসরকারি আইসিডি বা সিএফএস স্থাপনের জন্য প্রযোজ্য জমি (নিজস্ব মালিকানাধীন/ক্রয়কৃত/ভাড়াকৃত বা লিজকৃত), এর ধারণক্ষমতা ও বন্দর হইতে দূরত্বের পরিমাণ নিম্নরূপভাবে নির্ধারিত হইবে:

| ক্রমিক নং | স্থাপনার ধরণ | জমির আয়তন (ন্যূনতম) | ধারণক্ষমতা (এককালীন) | সংশ্লিষ্ট বন্দর হইতে দূরত্ব |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | বেসরকারি আইসিডি (চট্টগ্রাম বন্দর কেন্দ্রিক) | ১৫ একর | ৪৫০০ টিইইউএস* | ২০ কি.মি. এর বাহিরে |
| ২। | বেসরকারি আইসিডি (চট্টগ্রাম বন্দর ব্যতীত অন্যান্য বন্দর কেন্দ্রিক) | ১০ একর | ৩০০০ টিইইউএস* | ৫ কি.মি. এর বাহিরে |
| ৩। | সিএফএস | ৫ একর | ১৫০০ টিইইউএস* | ৩০ কি.মি. এর মধ্যে |

* ১ টিইইউ = ১ টি ২০ ফুট কন্টেইনার

(খ) রেল, সড়ক, নৌ মাধ্যমগুলোর এক বা একাধিক মাধ্যমের সহিত প্রস্তাবিত বেসরকারি আইসিডি বা সিএফএস-এর সরাসরি যোগাযোগ ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) জাতীয় বা আঞ্চলিক মহাসড়ক বা জেলা সড়ক হইতে কমপক্ষে ২০০ (দুইশত) মিটার দূরত্বে বেসরকারি আইসিডি বা সিএফএস এর প্রবেশ ও নির্গমন এর গেইট স্থাপিত হইবে যাহাতে জাতীয় বা আঞ্চলিক মহাসড়কে বা জেলা সড়কে উহার কারণে যানজটের সৃষ্টি না হয়;

(ঘ) প্রত্যেকটি প্রাইভেট আইসিডির অভ্যন্তরে উহার মূল আয়তনের কমপক্ষে শতকরা ২০ (বিশ) ভাগ আয়তনের সিএফএস থাকিতে হইবে।

(৩) **অবকাঠামো সংক্রান্ত শর্তাবলি:**

(ক) আমদানি পণ্যবাহী কন্টেইনার, রপ্তানি পণ্যবাহী কন্টেইনার ও খালি কন্টেইনার হ্যান্ডেলিং ও সংরক্ষণের জন্য পৃথক ইয়ার্ড, শেড ও পরীক্ষণ শেড নির্মাণ করিতে হইবে এবং কাস্টমস আনুষ্ঠানিকতা

সম্পাদনের জন্য প্রয়োজন মোতাবেক যথাযথ অবকাঠামো থাকিতে হইবে;

(খ) নিলাম ও ধ্বংসযোগ্য পণ্য সংরক্ষণের জন্য পৃথক ইয়ার্ড স্থাপন করিতে হইবে এবং তজ্জন্য বেসরকারি আইসিডি বা সিএফএস এ সুনির্দিষ্টকৃত স্থান থাকিতে হইবে;

(গ) কাস্টমস কর্তৃপক্ষের জন্য সম্পূর্ণ বিনামূল্যে পৃথক, সুসজ্জিত ও আধুনিক অফিস স্পেস, মিটিং ও কনফারেন্স রুম, অফিস সরঞ্জাম ও স্টেশনারি, ইমেজ মনিটরিং সেন্টার, কম্পিউটার, ইন্টারনেট, টেলিফোন, প্রিন্টার, স্ক্যানার, ওয়াকিটকি, নেটওয়ার্কিং ও রেডিও যোগাযোগ ব্যবস্থা, রেকর্ড সংরক্ষণের জন্য সুরক্ষিত স্থান, শিফটে কর্মরতদের বিশ্রামাগার, পরিবহণ সুবিধা এবং সংশ্লিষ্ট কমিশনারের বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য সুবিধাসমূহ নিশ্চিত করিতে হইবে;

(ঘ) দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য কাস্টমস কর্তৃপক্ষকে পর্যাপ্ত পরিমাণ আইটি এবং নেটওয়ার্ক সুবিধা প্রদান করিতে হইবে;

(ঙ) যানবাহনের সুষ্ঠু চলাচল বিবেচনায় রাখিয়া উপযুক্ত মানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক গেইট স্থাপন করিতে হইবে;

(চ) অপেক্ষমান যানবাহনের পার্কিং এর জন্য আইসিডি বা সিএফএস অভ্যন্তরে বা সন্নিকটে পর্যাপ্ত পরিসরে পার্কিং সুবিধা থাকিতে হইবে;

(ছ) আইসিডি বা সিএফএস ও তৎসংলগ্ন এলাকায় বা সড়কে যাহাতে কোনো যানজট সৃষ্টি না হয় সেইজন্য সংশ্লিষ্ট লাইসেন্সধারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(জ) পণ্য ও কন্টেইনার হ্যান্ডলিং দক্ষতার সহিত সম্পাদনের লক্ষ্যে **পরিশিষ্ট-ক** মোতাবেক প্রয়োজনীয় কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস থাকিতে হইবে;

(ঝ) উন্নত সেবা প্রদান ও বিভিন্ন কর্তৃপক্ষ ও ব্যবহারকারীদের সহিত সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার জন্য টেলিফোন, ফ্যাক্স, নিজস্ব ডোমেইনভুক্ত ই-মেইল, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ইন্টারনেট সংযোগ, নেটওয়ার্কিং ও রেডিও টেলিকমিউনিকেশন যন্ত্রসহ সম্ভাব্য আধুনিক ও উন্নত তথ্য যোগাযোগ প্রযুক্তি সুবিধা থাকিতে হইবে;

(ঞ) বেসরকারি আইসিডি বা সিএফএস এর সমগ্র এলাকা সিসিটিভি নেটওয়ার্ক এর আওতায় থাকিতে হইবে এবং উহাতে যাবতীয় কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করিবার জন্য দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তার অফিস কক্ষে সিসিটিভি মনিটরিং ওয়ার্কস্টেশন থাকিতে হইবে, এবং উক্ত সিস্টেমে পদায়িত কাস্টমস কর্মকর্তাদের প্রবেশাধিকার (Access) থাকিতে হইবে;

(ট) ইয়ার্ড বা ফ্লোর এর উচ্চতা অতিবর্ষণ জনিত জলবদ্ধতামুক্ত হইতে হইবে এবং আধুনিক ড্রেনেজ সিস্টেমের ব্যবস্থা থাকিতে হইবে;

(ঠ) পানি ও বিদ্যুতের সার্বক্ষণিক (২৪/৭) ব্যবস্থা থাকিতে হইবে;

(ড) প্রতিষ্ঠানের নিজস্ব ওয়্যারহাউস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার থাকিতে হইবে এবং উহা কাস্টমস কম্পিউটার সিস্টেমের সহিত সংযোগ প্রদানের মাধ্যমে তথ্য-আদান প্রদানে সক্ষম হইতে হইবে;

(ঢ) ফি, ট্যারিফ ও চার্জ পরিশোধের জন্য ইলেকট্রনিক পেমেন্ট ব্যবস্থা থাকিতে হইবে;

(ণ) আর্থিক লেনদেন এবং প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব জমাদানের সুবিধার্থে নিকটস্থ স্থানে পর্যাপ্ত ব্যাংকিং সুবিধা থাকিতে হইবে;

(ত) বেসরকারি আইসিডি বা সিএফএস এর সম্পূর্ণ **Layout Plan/Detailed Area Plan** লাইসেন্স গ্রহণের সময় জমা প্রদান করিতে হইবে এবং **Layout Plan/ Area Plan** এর পরিবর্তন বা Layout Plan বহির্ভূত কোন অবকাঠামো স্থাপন কমিশনার কর্তৃক অনুমোদন সাপেক্ষে করিতে হইবে;

(থ) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহজে চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে;

(দ) নারী-বান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করিতে হইবে।

(৪) **নিরাপত্তা সংক্রান্ত শর্তাবলি**:

(ক) চৌহদ্দি নিরবচ্ছিন্ন নিরাপত্তা দেয়াল পরিবেষ্টিত হইতে হইবে এবং উহাতে প্রবেশ ও প্রস্থানের জন্য প্রয়োজনীয় সংখ্যক গেইট ও গেইট হাউস থাকিতে হইবে;

(খ) লাইসেন্সি তাহার নিজস্ব (যথাযথ/পর্যাপ্ত প্রশিক্ষিত) অথবা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনপ্রাপ্ত বেসরকারি নিরাপত্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নিরাপত্তাকর্মী নিয়োগ করিবে;

(গ) কারেন্সি, সিকিউরিটি পেপার, স্ট্যাম্প পেপার, প্রভৃতি উচ্চ ঝুঁকির বিশেষ পণ্য সংরক্ষণের ক্ষেত্রে পৃথকভাবে এলাকা নির্ধারণ করিয়া উহাতে অতিরিক্ত সরকারি ও বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে;

(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত শর্ত অনুযায়ী অগ্নি নির্বাপনের প্রয়োজনীয় সুবিধাদি থাকিতে হইবে;

(ঙ) প্রাথমিক চিকিৎসা ব্যবস্থাসহ সার্বক্ষণিক অ্যাম্বুলেন্স সুবিধা থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিজস্ব অ্যাম্বুলেন্স ব্যবস্থা না থাকিলে জরুরি প্রয়োজনে তাহা সহজলভ্য করার লক্ষ্যে স্থানীয় ক্লিনিক বা হাসপাতালের সহিত সংশ্লিষ্ট লাইসেন্সের আবেদনকারীর চুক্তি থাকিতে হইবে;

(ছ) সমুদ্র ও নৌ বন্দর ভিত্তিক বেসরকারি আইসিডি এর ক্ষেত্রে **International Ship and Port Facility Security** (ISPS) কোড অনুযায়ী প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা থাকিতে হইবে;

(জ) প্রয়োজনীয় স্থায়ী শ্রমিক নিয়োগ প্রদান করিতে হইবে এবং উহাদের ক্ষেত্রে শ্রম আইন পরিপালন করিতে হইবে।

**৪। লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আবেদন ও অনুমোদন পদ্ধতি।—** (১) সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য উপ-বিধি (২) এ বর্ণিত সংশ্লিষ্ট কমিশনার বরাবর প্রস্তাবিত স্থানকে ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় দলিলাদিসহ **পরিশিষ্ট-খ** এ উল্লিখিত ছক মোতাবেক আবেদন করিতে হইবে।

(২) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সংশ্লিষ্ট কমিশনার এর ভৌগোলিক কর্মক্ষেত্র নিম্নরূপ হইবে, যথা:-

| ক্রমিক নং | ভৌগোলিক কর্মক্ষেত্র | কমিশনার অব কাস্টমস |
|---|---|---|
| ১। | চট্টগ্রাম বন্দর বা চট্টগ্রামস্থ অন্য কোনো সমুদ্র বা নৌবন্দরের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে চট্টগ্রাম প্রশাসনিক জেলায় স্থাপিত কোনো বেসরকারি আইসিডি এবং সিএফএস | কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস (আইসিডি), চট্টগ্রাম |
| ২। | ক্রমিক (১) এ বর্ণিত বন্দর ব্যতীত অন্যান্য কাস্টমস হাউসের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিত কোনো বেসরকারি আইসিডি এবং সিএফএস | কমিশনার অব কাস্টমস, সংশ্লিষ্ট কাস্টমস হাউস |
| ৩। | ক্রমিক (১) ও (২) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত কোনো কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অধীক্ষেত্রে অবস্থিত কোন কাস্টমস স্টেশনের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিত কোনো বেসরকারি আইসিডি এবং সিএফএস | কমিশনার, সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট |

(৩) বোর্ড বিশেষ পরিস্থিতিতে দফা ২ এ বর্ণিত ভৌগোলিক কর্মক্ষেত্র পরিবর্তন বা উল্লিখিত কোনো ভৌগোলিক কর্মক্ষেত্রকে অন্য কোনো সংশ্লিষ্ট কমিশনারের ভৌগোলিক কর্মক্ষেত্র হিসেবে বিবেচনা করিবার সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৪) লাইসেন্সের জন্য আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার উক্ত স্থান সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা করিবেন এবং উহার যথার্থতা যাচাই করিবেন।

(৫) সংশ্লিষ্ট কমিশনার প্রস্তাবিত বেসরকারি আইসিডি বা সিএফএস এর স্থানকে ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা ও প্রস্তাবিত বেসরকারি আইসিডি বা সিএফএস স্থাপনের প্রাথমিক অনুমতি প্রদান বা আবেদন প্রত্যাখানের বিষয়ে স্বীয় মতামতসহ প্রতিবেদন বোর্ড বরাবর প্রেরণ করিবেন।

(৬) বোর্ড প্রাপ্ত মতামত বিবেচনায় লইয়া উহার যথার্থতা যাচাই করিয়া প্রস্তাবিত স্থানে বেসরকারি আইসিডি বা সিএফএস স্থাপনের প্রাথমিক সম্মতি জ্ঞাপন করিয়া ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা প্রদান অথবা অসম্মতি জ্ঞাপন করিয়া আবেদন প্রত্যাখানের জন্য সংশ্লিষ্ট কমিশনারকে নির্দেশনা প্রদান করিবে এবং উহার অনুলিপি আবেদনকারীকে প্রদান করিবে।

(৭) বোর্ডের প্রাথমিক সম্মতি প্রাপ্তির পর আবেদনকারী বা উদ্যোক্তা সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ এবং নৌপরিবহণ মন্ত্রণালয় বা প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হইতে এই সংক্রান্ত অনাপত্তি গ্রহণ করিবে।

(৮) আবেদনকারী বা উদ্যোক্তা দফা ৭ এ উল্লিখিত অনুমতি প্রাপ্তির পর উহার কপি এবং লাইসেন্স বাবদ বিধি ৫ এ নির্ধারিত ফি, সিকিউরিটি ডিপোজিট ও সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) জমা প্রদান করিয়া সংশ্লিষ্ট কমিশনার বরাবর লাইসেন্স ইস্যুর জন্য আবেদন করিবে।

(৯) বোর্ডের প্রাথমিক অনুমতি এবং সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ বা নৌপরিবহন মন্ত্রণালয়ের নিকট হইতে এই সংক্রান্ত অনাপত্তি প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার আবেদনকারী বা উদ্যোক্তাকে ওয়্যারহাউস লাইসেন্স প্রদানপূর্বক লাইসেন্সের শর্ত ও সীমা নির্ধারণ করিবেন এবং **পরিশিষ্ট-ক** তে বর্ণিত কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস স্থাপনের অনুমতি প্রদান করিবে।

(১০) আবেদনকারী বা উদ্যোক্তা সংশ্লিষ্ট কমিশনারের অনুমতির আলোকে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস স্থাপনের পর বেসরকারি আইসিডি বা সিএফএস স্থাপনের চূড়ান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কমিশনার বরাবর আবেদন করিবে।

(১১) চূড়ান্ত অনুমোদনের আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার প্রস্তাবিত বেসরকারি আইসিডি বা সিএফএস এর অবকাঠামো এবং কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস পরিদর্শনের জন্য **পরিশিষ্ট-গ** অনুযায়ী একটি কমিটি গঠন করিবে।

(১২) গঠিত কমিটি প্রস্তাবিত বেসরকারি আইসিডি বা সিএফএস এর অবকাঠামো এবং কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস সরেজমিনে পরিদর্শন করিয়া সংশ্লিষ্ট কমিশনার বরাবর একটি প্রতিবেদন দাখিল করিবে।

(১৩) প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার স্বীয় মতামতসহ প্রতিবেদনটি বোর্ড বরাবর প্রেরণ করিবেন, বোর্ড সন্তোষজনক বিবেচনায় বেসরকারি আইসিডি বা সিএফএস স্থাপনের চূড়ান্ত অনুমোদন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, বোর্ড বেসরকারি আইসিডি এর ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে ১ (এক) বৎসরের জন্য কেবল খালি কন্টেইনার হ্যান্ডলিং এবং রপ্তানি কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, উক্ত ১ (এক) বৎসর অতিবাহিত হইলে সংশ্লিষ্ট কমিশনার উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম মূল্যায়ন করিয়া সন্তোষজনক প্রাপ্তি সাপেক্ষে প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বেসরকারি আইসিডিতে রপ্তানি পণ্য ও খালি কন্টেইনারের পাশাপাশি আমদানি

পণ্য হ্যান্ডলিং ও খালাসের অনুমতি প্রদানের সুপারিশ করিয়া বোর্ড বরাবর প্রেরণ করিতে পারিবেন এবং উক্ত সুপারিশ বিবেচনায় লইয়া বোর্ড যথাযথ সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(১৪) এই বিধিমালার অন্যত্র যাহা কিছুই থাকুক না কেনো, বোর্ড কোনো বেসরকারি আইসিডি বা সিএফএস এর ক্ষেত্রে আমদানি বা রপ্তানি বা ট্রানজিট পণ্যের শ্রেণি ও সংখ্যা নির্ধারণ করিতে পারিবে।

**৫। লাইসেন্সের মেয়াদ ও নবায়ন।—** (১) বেসরকারি আইসিডি বা সিএফএস স্থাপনের জন্য বোর্ড কর্তৃক প্রাথমিক অনুমতি প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত হারে লাইসেন্স ফি (অফেরতযোগ্য) এবং সিকিউরিটি ডিপোজিট (নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি) দাখিল করিতে হইবে, যথা:-

| লাইসেন্স এর ধরণ | লাইসেন্স ফি (অফেরতযোগ্য) | সিকিউরিটি ডিপোজিট (নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি) |
|---|---|---|
| বেসরকারি আইসিডি | ১০ (দশ) লক্ষ টাকা | ৪০ (চল্লিশ) লক্ষ টাকা |
| সিএফএস | ৮ (আট) লক্ষ টাকা | ৩০ (ত্রিশ) লক্ষ টাকা |

(২) লাইসেন্সের জন্য বিবেচিত হইলে প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদানের পূর্বেই নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ২৫ (পঁচিশ) কোটি টাকার সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) দাখিল করিতে হইবে যাহার মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর।

(৩) প্রতি ৩ (তিন) বৎসর পর পর লাইসেন্স নবায়ন করিতে হইবে এবং নবায়ন ফি বাবদ ৫ (পাঁচ) লক্ষ টাকা পরিশোধ করিতে হইবে।

(৪) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের জন্য **পরিশিষ্ট-ঘ** মোতাবেক প্রয়োজনীয় দলিলাদিসহ লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে।

(৫) সংশ্লিষ্ট কমিশনার লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর যথোপযুক্ত কর্মকর্তার মাধ্যমে দলিলাদি যাচাইপূর্বক যথাযথ প্রাপ্তি সাপেক্ষে লাইসেন্স নবায়ন করিবেন অথবা কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৬) লাইসেন্স নবায়ন করিবার সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সধারী প্রযোজ্য সিকিউরিটি ডিপোজিট ও সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) হালনাগাদ করিয়া পুনরায় দাখিল করিবে।

(৭) প্রযোজ্য সিকিউরিটি ডিপোজিট ও সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) হালনাগাদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার লাইসেন্স নবায়ন করিবেন।

**৬। লাইসেন্সের অনুলিপি প্রদান।—** লাইসেন্স হারাইয়া গেলে বা কোনো প্রকারে নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট লাইসেন্সধারী লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর ২০ (বিশ) হাজার টাকার এ-চালান দাখিলপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবে।

**৭। বেসরকারি আইসিডি বা সিএফএস পরিচালনার নিয়মাবলি।—** (১) সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নির্ধারিত শর্তাবলি লাইসেন্সি কর্তৃক প্রতিপালন করিতে হইবে।

(২) কেবল বোর্ড ও ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্দিষ্টকৃত আমদানি বা রপ্তানি বা ট্রানজিট কন্টেইনার বা পণ্য বেসরকারি আইসিডি বা সিএফএস-এ স্থানান্তর, স্টাফিং বা আন-স্টাফিং ও খালাস প্রদান করিতে হইবে।

(৩) খালি কন্টেইনার পরিবহন, স্থানান্তর এবং সংরক্ষণের ক্ষেত্রে ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত আদেশসমূহ অনুসরণ করিতে হইবে।

(৪) কন্টেইনার বা পণ্য হ্যান্ডলিং কার্যক্রম চালুর পূর্বেই বোর্ডের কারিগরি সহায়তা লইয়া কাস্টমস কম্পিউটার সিস্টেম স্থাপন ও ব্যবহার নিশ্চিত করিতে হইবে।

(৫) কাস্টমস কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সুসজ্জিত ও সুপরিসর অফিস ও উহাতে প্রয়োজনীয় পরিসেবা নিশ্চিত করিতে হইবে।

(৬) লাইসেন্সধারীকে স্বীয় বেসরকারি আইসিডি বা সিএফএস এ নিয়োজিত কাস্টমস কর্মকর্তা/কর্মচারীদের কমিশনার কর্তৃক নির্ধারিত হারে, পদ্ধতিতে ও পরিমাণে (গ্রেড/বেতন স্কেল অনুযায়ী) Merchant Overtime (MOT) প্রদান করিতে হইবে।

(৭) কাস্টমস কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের জন্য পর্যাপ্ত যানবাহন সুবিধা নিশ্চিত করিতে হইবে।

(৮) সরকারের অন্যান্য সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক এ বিষয়ে প্রণীত অন্যান্য আইন ও বিধি-বিধান প্রতিপালন করিতে হইবে।

(৯) ওয়্যারহাউসের বহিরাঙ্গনে ব্যাংক, সিঅ্যান্ডএফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার বা অন্যান্য সংস্থার জন্য প্রয়োজনীয় স্থাপনা এবং আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি স্থাপন করা যাইবে।

(১০) যেই সকল পণ্যচালানের এলসি এবং বিল অব লেডিং (বিএল) এর শর্তাবলিতে Port of Delivery/Port of Shipment এর স্থলে সংশ্লিষ্ট বেসরকারি আইসিডি বা সিএফএস এর নাম উল্লেখ রহিয়াছে কেবল সেই সকল পণ্যচালানই উক্ত বেসরকারি আইসিডি বা সিএফএস হইতে খালাস অথবা রপ্তানি করিতে হইবে।

(১১) বোর্ড অথবা সংশ্লিষ্ট কমিশনার যে কোনো সময় প্রদত্ত লাইসেন্সের বিষয়ে অথবা বেসরকারি আইসিডি বা সিএফএস এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যেকোনো শর্ত, পদ্ধতি, নীতিমালা ইত্যাদি আরোপ বা প্রণয়ন বা প্রবর্তন করিতে পারিবে।

(১২) আমদানি পণ্যের সিল্ড কন্টেইনার বন্দর হইতে গ্রহণের পর হইতে খালাস পর্যন্ত এবং রপ্তানি বা ট্রানজিট পণ্য বেসরকারি আইসিডি বা সিএফএস এ প্রবেশের পর হইতে বন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পর্যন্ত আইসিডি বা সিএফএস কর্তৃপক্ষকে যাবতীয় নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো কন্টেইনারের সিল ভাঙ্গা থাকিলে বেসরকারি আইসিডি বা সিএফএস উহা সংশ্লিষ্ট বন্দর ও কাস্টমস কর্তৃপক্ষকের অনুমতি ব্যতিরেকে গ্রহণ, প্রেরণ বা হস্তান্তর করিতে পারিবে না।

(১৩) দফা (১২) তে উল্লিখিত পর্যায়ে কোনো পণ্য খোয়া/হারানো/কমপ্রাপ্তি/নষ্ট হইয়া যাওয়া, ইত্যাদি কারণে আমদানিকারক বা রপ্তানিকারক কর্তৃক পেশকৃত দাবি, বিধিমতে, প্রযোজ্য শুল্ক-করাদি এবং সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রযোজ্য চার্জ বেসরকারি আইসিডি বা সিএফএস কর্তৃপক্ষকে পরিশোধ করিতে হইবে।

(১৪) অনিষ্পন্ন/ব্যবহার অনুপযোগী খালি কন্টেইনারের বিষয়ে শিপিং এজেন্ট বা মেইন লাইন অপারেটর (এমএলও) বা সংশ্লিষ্ট অন্য কোনো কর্তৃপক্ষকে পূর্বে অবহিত রাখিয়া কাস্টমস আইন ও বিধি মোতাবেক নিষ্পত্তিকরণে বেসরকারি আইসিডি বা সিএফএস কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহযোগিতা করিবে।

(১৫) বেসরকারি আইসিডি বা সিএফএস পরিচালনাকারী ও এজেন্ট আমদানি পণ্য খালাস ও রপ্তানি পণ্য প্রেরণের জন্য কাস্টমস কর্তৃপক্ষ এবং বন্দর বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পদ্ধতি ও দলিলাদি ব্যবহার করিবে।

(১৬) বিপজ্জনক ও বিস্ফোরক পণ্য বা উহার কন্টেইনার সংরক্ষণ বা হ্যান্ডলিংয়ের ক্ষেত্রে ইন্টারন্যাশনাল মেরিটাইম ডেনজারাস গুডস (আইএমডিজি) এর নীতিমালা অনুসরণ করিতে হইবে।

(১৭) সংশ্লিষ্ট বন্দর হইতে বেসরকারি আইসিডি বা সিএফএস এ পণ্য পরিবহণের ক্ষেত্রে ইলেকট্রনিক সিল ও লক সেবা বিধিমালা, ২০২৪ অনুসরণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ইলেকট্রনিক সিল ও লক সেবা বিধিমালা, ২০২৪ অনুসারে উক্ত সিল ও লক সেবা কোনো অনিবার্য কারণে প্রদান করিবার সুযোগ না থাকিলে সংশ্লিষ্ট কমিশনার স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা, যেমন: এস্কট বা ওয়ান টাইম লক, প্রভৃতি গ্রহণ করিয়া সংশ্লিষ্ট বন্দর এবং বেসরকারি আইসিডি বা সিএফএস এর মধ্যে পণ্য পরিবহণ করিবার অনুমতি প্রদান করিতে পারিবেন হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রয়োজনীয় আদর্শ কর্মসম্পাদন পদ্ধতি (Standard Operating Procedure) জারি করিবেন।

(১৮) নিরাপত্তা, বিপজ্জনক পণ্য ব্যবস্থাপনা, অগ্নি নির্বাপণ ব্যবস্থাপনা, প্রভৃতি এবং সার্বিক কার্যক্রম বিষয়ে বেসরকারি আইসিডি বা সিএফএস এ নিয়োজিত সকলের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

**৮। লাইসেন্সধারী প্রতিষ্ঠানের দায়িত্ব ও কর্তব্য।—** এই বিধিমালার অধীন লাইসেন্সধারীগণ নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য পালন করিবে, যথা:-

(ক) আইএসপিএস (International Ship and Port Facility Security) কোড অনুসরণ করিতে হইবে;

(খ) কাস্টমস আইন, ২০২৩, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আয়কর আইন, ২০২৩ এবং লাইসেন্সের বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

(গ) কর্মকর্তা, কর্মচারী শ্রমিক ইত্যাদির পূর্ণাঙ্গ হালনাগাদ তথ্য সংরক্ষণ করিতে হইবে এবং শ্রমিক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬, ইত্যাদি মানিয়া চলিতে হইবে;

(ঘ) কোনো পণ্যচালান কাস্টমস কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কোনো বেসরকারি আইসিডি বা সিএফএস এর নিকট আংশিক বা সম্পূর্ণরূপে হস্তান্তর করা যাইবে না;

(ঙ) আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট যাবতীয় দলিলাদি আইনের ধারা ২৪৬ অনুসারে যথাযথভাবে সংরক্ষণ করিবে এবং উহাতে কাস্টমস কর্মকর্তাকে প্রয়োজনীয় অ্যাকসেস (Access) প্রদান করিবে;

(চ) অভ্যন্তরীণ নিরাপত্তা, লজিস্টিকস, ট্র্যাকিং প্রযুক্তিসহ দ্রুততর খালাস পদ্ধতি বাস্তবায়ন ও উন্নয়ন এবং লাইসেন্সের শর্তানুসারে বর্ণিত যোগ্যতা বজায় রাখিবে;

(ছ) চোরাচালান বা শুল্ক ও কর ফাঁকি বা আমদানি-রপ্তানির ক্ষেত্রে পরিপালনযোগ্য কোনো বাধ্যবাধকতার ব্যত্যয় পরিলক্ষিত হইলে সঙ্গে সঙ্গে উহার তথ্য যথাযথ কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিবে;

(জ) ত্রৈমাসিক ভিত্তিতে স্বীয় প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবস্থিত পণ্যচালানের তথ্য সংবলিত একটি প্রতিবেদন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবে।

৯। **বীমা, গ্যারান্টি, প্রভৃতি**।— (১) সংশ্লিষ্ট লাইসেন্সধারী নিম্নোক্ত বীমা নিশ্চিত করিবে, যথা:-

(ক) আমদানি বা ট্রানজিট পণ্যের সিল্ড কন্টেইনার বন্দর হইতে গ্রহণের পর হইতে খালাস পর্যন্ত এবং রপ্তানি বা ট্রানজিট পণ্য বেসরকারি আইসিডি বা সিএফএস এ প্রবেশের পর হইতে বন্দর কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পর্যন্ত মেরিন ইন্স্যুরেন্সের আওতা বহির্ভূত পণ্যের বীমা;

(খ) বেসরকারি আইসিডি বা সিএফএস এ কর্মরত সকল কর্মীদের জীবন বীমা ও দুর্ঘটনা বীমা।

(২) শুল্ক অপরিশোধিত পণ্য সংরক্ষণ, সরকারি সম্পত্তি বিনষ্ট এবং যথাযথ সেবা প্রদান নিশ্চিতকল্পে কোনো তফসিলি ব্যাংকের ১০ (দশ) কোটি টাকা মূল্যের পৃথক নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট কমিশনার বরাবর দাখিল করিতে হইবে।

১০। **লাইসেন্স স্থগিতকরণ ও বাতিল**।— (১) নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে লাইসেন্স স্থগিত বা বাতিল করা যাইবে, যথা:-

(ক) আইনের ধারা ১২ (৪) অনুসারে আইন বা বিধিমালা বা লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ করিলে বা জনস্বার্থে লাইসেন্স স্থগিত বা বাতিল করা উপযুক্ত হইলে;

(খ) লাইসেন্সি চোরাচালান, শুল্ক ও কর ফাঁকিতে সহায়তা করিলে;

(গ) লাইসেন্সি কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রিতা বা অদক্ষতা প্রদর্শন করিলে;

(ঘ) লাইসেন্সি চোরাচালান, শুল্ক ও কর ফাঁকির ঘটনা সম্পর্কে অবহিত হইবার পরেও দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তাকে উক্ত তথ্য অবহিত না করিলে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত এক বা একাধিক কারণে বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার উক্ত বেসরকারি আইসিডি বা সিএফএস এর লাইসেন্স সাময়িক স্থগিত করিতে পারিবে এবং উক্ত স্থগিতকালে প্রতিষ্ঠানের কার্যক্রমও সাময়িক স্থগিত থাকিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত স্থগিতের বিষয়টি কারণ উল্লেখপূর্বক প্রতিষ্ঠানকে অনতিবিলম্বে অবহিত করিতে হইবে এবং যুক্তিসঙ্গত কারণ দর্শানো নোটিশ জারি করিয়া আইনানুগ প্রক্রিয়ায় দ্রুততম সময়ে নিষ্পত্তি করিতে হইবে।

(৩) কোনো স্থগিতকৃত লাইসেন্স বা কোনো গুরুতর অনিয়মের কারণে কোনো লাইসেন্স বাতিলের প্রয়োজন হইলে যথাযথ কারণ দর্শানো নোটিশ প্রদান করিয়া উপযুক্ত শুনানি গ্রহণপূর্বক সুপারিশসহ বোর্ড বরাবর প্রেরণ করিতে হইবে এবং বোর্ডের অনুমতি সাপেক্ষে লাইসেন্স বাতিল করা যাইবে।

(৪) কোনো লাইসেন্স স্থগিত বা বাতিল করা হইলে উহাতে ব্যবস্থাপনাধীন পণ্য বা কন্টেইনার কাস্টমস কর্তৃপক্ষের অনুমতিক্রমে অন্য কোনো বেসরকারি আইসিডি বা সিএফএস বা অন্য কোনো স্থানে স্থানান্তর ও ব্যবস্থাপনা করা যাইবে।

**১১। বেসরকারি আইসিডি বা সিএফএস এর কার্যক্রম অডিট ও মূল্যায়ন ।—** (১) প্রতিটি বেসরকারি আইসিডি বা সিএফএস এর কার্যক্রম সংশ্লিষ্ট কমিশনার বার্ষিক ভিত্তিতে অডিট করিবেন এবং এইক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী উক্ত অডিট সম্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ওয়্যারহাউস লাইসেন্স নবায়নের আবেদনের সময়ে উক্ত অডিট রিপোর্টসমূহ (তিন বৎসরের) বাধ্যতামূলকভাবে দাখিল করিতে হইবে।

(২) প্রতিটি বেসরকারি আইসিডি বা সিএফএস এর কার্যক্রম **পরিশিষ্ট-ঙ** এ উল্লিখিত মূল্যায়ন কমিটি বার্ষিক ভিত্তিতে অব্যবহিত পূর্ববর্তী বৎসরের কার্যক্রম মূল্যায়ন করিয়া একটি প্রতিবেদন পরবর্তী বৎসরের ৩০শে জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট কমিশনার বরাবর প্রেরণ করিবেন এবং কমিশনার স্বীয় মন্তব্য লিপিবদ্ধ করিয়া ১০ই ফেব্রুয়ারির মধ্যে বোর্ড বরাবর প্রেরণ করিবেন।

(৩) মূল্যায়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ নিম্নরূপ হইবে, যথা:-

(ক) বেসরকারি আইসিডি বা সিএফএস এর আয়তন, অবকাঠামো, লোকবল ও যন্ত্রপাতির তালিকা;

(খ) আমদানি পণ্য হ্যান্ডেলিংয়ের পরিমাণ;

(গ) রপ্তানি পণ্য হ্যান্ডেলিংয়ের পরিমাণ;

(ঘ) লাইসেন্সের শর্ত পরিপালন;

(ঙ) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সির বিরুদ্ধে উদঘাটিত মামলা ও অনিয়ম;

(চ) নিলামযোগ্য পণ্য বন্দোবস্ত এবং ধ্বংসযোগ্য পণ্য ধ্বংসকরণ;

(ছ) সার্ভিস ডেলিভারি;

(জ) পণ্য শুল্কায়ন ও খালাসের গড় সময়;

(ঝ) বিভিন্ন স্টেকহোল্ডারগণের সহিত বিরোধ ও বিরোধ নিষ্পত্তি।

(৪) কমিটির সুপারিশের ভিত্তিতে বার্ষিক কার্যক্রম মূল্যায়নের নিরিখে বেসরকারি আইসিডি বা সিএফএস এ আমদানি পণ্য হ্যান্ডেলিং এর সংখ্যা বা পরিমাণ, বাড়ানো বা কমানো যাইবে:

তবে শর্ত থাকে যে, এইক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৫) কোনো অভিযোগ পাওয়া গেলে বা কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে প্রয়োজনে উক্ত কমিটি জরুরি ভিত্তিতে সভা আহবান করিবে এবং প্রয়োজনীয় তদন্ত শেষে কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার উক্ত বেসরকারি আইসিডি বা সিএফএস এর কার্যক্রম স্থগিত বা জরিমানা আরোপসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং বোর্ডকে তাহা অবহিত করিবেন।

**১২। অখালাসকৃত পণ্যের নিষ্পত্তি।-** আইনের ধারা ৯৪ এর আওতায় উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত অখালাসকৃত পণ্যচালানের ক্ষেত্রে লাইসেন্সধারী কর্তৃক কার্গো ঘোষণা বা মাস্টার বি/এল নম্বর, হাউস বি/এল নম্বর, কন্টেইনার নম্বর, পণ্যের বিবরণ, পরিমাণ ও ওজন উল্লেখপূর্বক তালিকা তৈরী করিয়া আইনের আওতায় নিষ্পত্তির জন্য কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে হইবে।

**১৩।কাস্টমস কম্পিউটার সিস্টেমের সাথে আন্তঃসংযোগ স্থাপন।—** লাইসেন্সধারী কর্তৃক ব্যবহার্য নিজস্ব স্বয়ংক্রিয় সিস্টেম হইতে গেটওয়ে ব্যবহারের মাধ্যমে কাস্টমস কম্পিউটার সিস্টেমের সহিত আন্তঃসংযোগ স্থাপনের ব্যবস্থা থাকিতে হইবে এবং লাইসেন্সধারী কর্তৃক উহার স্বয়ংক্রিয় সিস্টেমে কাস্টমস কর্মকর্তাদের প্রয়োজনীয় সকল তথ্য পর্যবেক্ষণ করিবার জন্য অ্যাকসেস (Access) প্রদান করিতে হইবে।

**১৪। আচরণ বিধি।—** বেসরকারি আইসিডি বা সিএফএস অপারেটর এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ কর্তৃক বেসরকারি আইসিডি বা সিএফএস পরিচালনার/ব্যবহারের ক্ষেত্রে কাস্টমস লাইসেন্স বিধি-বিধান ও বন্দরের নির্দেশাবলি আচরণ বিধি হিসেবে অনুসরণ করিতে হইবে।

**১৫। আপিল।—** এই বিধিমালা এর অধীন লাইসেন্স প্রদানকারী কর্তৃক গৃহীত যে কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে কেহ সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্ত প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে আইনের ধারা ২২৬ মোতাবেক কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনালে আপিল করিতে পারিবেন।

**১৬। ইলেকট্রনিক পদ্ধতির প্রয়োগ।—** এই বিধিমালার আওতায় যে কোনো নির্বাহযোগ্য কার্যাবলি বোর্ড কর্তৃক জারিকৃত আদেশের মাধ্যমে আদেশে বর্ণিত শর্ত ও সীমা সাপেক্ষে ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করা যাইবে।

**১৭। আদেশ জারি করিবার ক্ষমতা।-** সংশ্লিষ্ট কমিশনার এই বিধিমালা বাস্তবায়ন এবং প্রয়োজনীয় কার্যপ্রণালী (Standard Operating Procedure) নির্ধারণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে আদেশ জারি করিতে পারিবেন।

**১৮। রহিতকরণ ও হেফাজতকরণ।—** (১) বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক (Off-Dock) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০২১ (জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-০৩১/২০২১/কাস্টমস/৩৭৯, তারিখ: ১৯/১২/২০২১ খ্রি.) এতদ্দারা রহিত করা হইলো।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত নীতিমালার অধীন-

(ক) কৃত বা চলমান কোনো কার্যক্রম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত, চলমান বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত নীতিমালা রহিত হয় নাই।

**পরিশিষ্ট-ক**

[বিধি ৩ ও বিধি ৪ দ্রষ্টব্য]

**বেসরকারি আইসিডি বা সিএফএস এর জন্য প্রয়োজনীয় ন্যূনতম কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস**

**১। বেসরকারি আইসিডি:**

(ক) লোড কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য:

| | |
|---|---|
| (১) Straddle Carrier (4 High) | ১ ইউনিট |
| (২) Reach Staker (3 High) | ২ ইউনিট |
| (৩) Side Lifter/ Front Loader (3 High) | ২ ইউনিট |

(খ) খালি কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য: (Empty Container Handler/Front loader/Reach Stacker-২ ইউনিট

(গ) স্টাফিং/আন-স্টাফিং ইক্যুইপমেন্ট: Lowmast Forklift Truck-৪ ইউনিট.

(ঘ) ট্রান্সপোর্টেশন ইক্যুইপমেন্ট: Tractor- Trailer-১৮ ইউনিট.

(ঙ) কন্টেইনার স্ক্যানিং মেশিন ১ টি । তবে, প্রতিষ্ঠান কন্টেইনার স্ক্যানিং মেশিন স্থাপন করিলে এবং উপযুক্ততা প্রমাণ করিতে পারিলে সংশ্লিষ্ট কমিশনারের মতামত/সুপারিশের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আমদানি পণ্য হ্যান্ডেলিং এর সংখ্যা/পরিমাণ সময় সময় বাড়ানো হইবে।

(চ) স্কেল: ২টি

(ছ) ওয়েব্রিজ: ২ টি

(জ) সিসিটিভি ক্যামেরা, লাইটিং ব্যবস্থা, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট (প্রয়োজনীয় সংখ্যক)।

**২। সিএফএস:**

(ক) লোড কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য:

| | |
|---|---|
| (১) Reach Staker (3 High) | ২ ইউনিট |
| (২) Side Lifter/ Front Loader (3 High) | ২ ইউনিট |

(খ) খালি কন্টেইনার হ্যান্ডেলিং এর জন্য: (Empty Container Handler/Front loader/Reach Stacker-২ ইউনিট

(গ) স্টাফিং/আন-স্টাফিং ইক্যুইপমেন্ট: Lowmast Forklift Truck-৪ ইউনিট.
(ঘ) ট্রান্সপোর্টেশন ইক্যুইপমেন্ট: Tractor- Trailer-১৮ ইউনিট.
(ঙ) স্কেল: ২টি
(চ) ওয়েব্রিজ: ১ টি
(ছ) সিসিটিভি ক্যামেরা, লাইটিং ব্যবস্থা, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট (প্রয়োজনীয় সংখ্যক)।

**পরিশিষ্ট-খ**
[বিধি ৪ দ্রষ্টব্য]

**বেসরকারি আইসিডি বা সিএফএস -কে ওয়্যারহাউস হিসেবে ঘোষণা এবং উহা স্থাপনের প্রাথমিক অনুমোদন/সম্মতি প্রদানের জন্য আবেদনপত্রের ছক**

| **অনুচ্ছেদ-ক** | **ওয়্যারহাউস ঘোষণা ও বেসরকারি আইসিডি/সিএফএস স্থাপনের প্রাথমিক অনুমোদনের জন্য আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত তথ্য ও দলিলাদি দাখিল করিতে হইবে:** | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর | : | |
| ২। | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও আবেদনকারীর পদবি | : | |
| ৩। | **বেসরকারি আইসিডি বা সিএফএস** স্থাপনের জন্য প্রস্তাবিত স্থান (মৌজা, খতিয়ান ও দাগ নম্বর, চৌহদ্দি উল্লেখ করিতে হইবে) | : | |
| ৪। | ঠিকানা | : | |
| ৫। | জায়গার পরিমাণ | : | |
| ৬। | স্থান নির্ধারণের যৌক্তিকতা | : | |
| ৭। | নিজস্ব/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জমি (দলিলের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে) | : | |
| ৮। | নিকটবর্তী মহাসড়ক/রেলওয়ে স্টেশন/সমুদ্র/স্থলবন্দর/বিমান বন্দর হইতে প্রস্তাবিত **বেসরকারি আইসিডি বা সিএফএস** এর দূরত্ব (উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে) | : | |
| ৯। | প্রস্তাবিত **বেসরকারি আইসিডি বা সিএফএস** এর আগামী ০৫ বছরে হ্যান্ডলিংতব্য কন্টেইনার ও মালামালের অভিক্ষেপন (forecast) টিইইউএস: মেট্রিক টন | : | |
| ১০। | প্রতিষ্ঠানের বিগত ০৫ (পাঁচ) বছরের আমদানির তথ্য | : | |
| ১১। | প্রতিষ্ঠানের বিগত ০৫ (পাঁচ) বছরের রপ্তানি তথ্য | : | |
| ১২। | প্রস্তাবিত **বেসরকারি আইসিডি বা সিএফএস** এর ট্রাক পার্কিং নকশা, ন্যূনতম ২টি গেট ও শ্রমিকদের ন্যূনতম স্বাস্থ্য সেবার জন্য জরুরি নার্সিং সুবিধার নির্ধারিত রুমসহ অন্যান্য অবকাঠামোগত সুবিধার লে-আউট প্ল্যান (নকশা) | : | |
| ১৩। | প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ (বাস্তবায়ন ও পরিচালনা) | : | |
| ১৪। | আবেদনকারী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা (ব্যাংক সলভেন্সি | : | |

| | | | |
|---|---|---|---|
| | সার্টিফিকেট, হালনাগাদ টিআইএনসহ বিগত তিন বছরের আয়কর রিটার্ন) | | |
| ১৫। | কাস্টমস কর্তৃক নির্ধারিত আবেদন ফি জমার ‘এ’ চালানের কপি | : | |
| **অনুচ্ছেদ-খ** | **জাতীয় রাজস্ব বোর্ডের চূড়ান্ত অনুমোদনের জন্য অনুচ্ছেদ-ক এ উল্লিখিত দলিলাদিসহ নিম্নবর্ণিত দলিলাদি প্রতিবেদনের সহিত দাখিল করিতে হইবে:** | | |
| ১। | অবকাঠামোগত সুবিধাদির বিবরণ (নিজস্ব ও কাস্টমস কর্তৃপক্ষের জন্য অফিস, শিপিং লাইন/এজেন্টদের জন্য অফিস, ইয়ার্ড, বাউন্ডারি ওয়াল, গেইট ও গেইট হাউজ, ব্যারাক, নিরাপত্তা টাওয়ার, ওজন সেতু/ওজনের জন্য সুবিধাদি, কন্টেইনার ও কার্গো স্ক্যানিং সুবিধা, সিসিটিভি ক্যামেরা সুবিধা, লাইটিং ব্যবস্থা, ফায়ারফাইটিং ইক্যুইপমেন্ট, রিফার প্লাগ পয়েন্ট, কেবিন, টয়লেট, খাবার পানি ইত্যাদি সুবিধাসহ অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি) | : | |
| ২। | যন্ত্রপাতির বিবরণী (কন্টেইনার/মালামাল হ্যান্ডেলিং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা) | : | |
| ৩। | **বেসরকারি আইসিডি বা সিএফএস** পরিচালনার জন্য প্রস্তাবিত ট্যারিফ সশডিউল | : | |
| ৪। | **বেসরকারি আইসিডি বা সিএফএস** পরিচালনার জন্য প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদি পরিকল্পনা | : | |
| ৫। | পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র | : | |
| ৬। | ট্রেড লাইসেন্স, মূসক সনদ | : | |
| ৭। | ফায়ার লাইসেন্স | : | |
| ৮। | অগ্নি, দুর্ঘটনা, দুর্যোগ ও প্রযোজ্য অন্যান্য বীমার সনদ | : | |
| ৯। | আবেদন পত্রের সহিত উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত সম্ভাব্যতা যাচাই/সমীক্ষার প্রতিবেদন (ফিজিবিলিটি রিপোর্ট) | : | |
| ১০। | কোম্পানির মেমোরান্ডাম (প্রযোজ্য ক্ষেত্রে) | : | |
| ১১। | আবেদনপত্র ফরমে উল্লিখিত অন্যান্য চাহিদার /প্রমাণপত্র দলিলাদি | : | |
| ১২। | অন্যান্য দলিলাদি (সংশ্লিষ্ট কমিশনারের চাহিদা মোতাবেক) | : | |

**পরিশিষ্ট-গ**

[বিধি ৪(১১) দ্রষ্টব্য]

**প্রস্তাবিত বেসরকারি আইসিডি বা সিএফএস এর অবকাঠামো এবং কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইক্যুইপমেন্টস পরিদর্শন কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | বেসরকারি আইসিডি বা সিএফএস এর দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত কমিশনার, (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) | **আহবায়ক** |
| (২) | অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার, (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/ কমিশনারেট) | **সদস্য** |
| (৩) | বন্দর কর্তৃপক্ষ (উপযুক্ত প্রতিনিধি) | **সদস্য** |
| (৪) | বেসরকারি আইসিডি বা সিএফএস পদস্থ অন্যূন অ্যাসিস্ট্যান্ট কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | **সদস্য সচিব** |

**পরিশিষ্ট-ঘ**

[বিধি ৫(৪) দ্রষ্টব্য]

**নবায়নের জন্য দাখিলতব্য দলিলাদির তালিকা:**

(১) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের কপি

(২) নিবন্ধিত চার্টার্ড অ্যাকাউন্টেন্ট ফার্ম কর্তৃক নবায়ন মেয়াদে প্রদত্ত বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের কপি

(৩) বেসরকারি আইসিডি বা সিএফএস এর আয়তন, লোকবল ও যন্ত্রপাতির হালনাগাদ তালিকা;

(৪) আমদানি, রপ্তানি ও ট্রানজিট পণ্য হ্যান্ডেলিংয়ের পরিমাণ (প্রমাণকসহ);

(৫) লাইসেন্সের শর্ত পরিপালন সংক্রান্ত হলফনামা;

(৬) নিলামযোগ্য পণ্য এবং ধ্বংসযোগ্য পণ্যের হালনাগাদ তালিকা;

(৭) নিলাম ও ধ্বংস্বকৃত পণ্যের তালিকা;

(৮) নবায়ন মেয়াদে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সির বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকিলে তাহার তথ্য ও দলিলাদি;

(৯) সার্ভিস ডেলিভারি সংক্রান্ত হালনাগাদ ফি, চার্জ ও ট্যারিফ তালিকা;

(১০) বিভিন্ন স্টেকহোল্ডারগণের সহিত বিরোধ ও বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য; এবং

(১১) লাইসেন্সপ্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক চাহিত অন্য কোন প্রাসঙ্গিক তথ্য।

**পরিশিষ্ট-ঙ**

[বিধি ১১(২) দ্রষ্টব্য]

**বেসরকারি আইসিডি বা সিএফএস এর কার্যক্রম মূল্যায়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| (১) | বেসরকারি আইসিডি বা সিএফএস এর দায়িত্বপ্রাপ্ত অ্যাডিশনাল/জয়েন্ট কমিশনার,<br>(সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট) | **আহবায়ক** |
| (২) | জয়েন্ট কমিশনার (অন্য যে কোনো কাস্টমস বা ভ্যাট দপ্তর) | **সদস্য** |
| (৩) | উপ-পরিচালক/সহকারী পরিচালক (কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর) | **সদস্য** |
| (৪) | বন্দর কর্তৃপক্ষ (উপযুক্ত প্রতিনিধি) | **সদস্য** |
| (৫) | এফবিসিসিআই এর একজন মনোনীত প্রতিনিধি | **সদস্য** |
| (৬) | বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপোস অ্যাসোসিয়েশন (বিকডা) এর প্রতিনিধি | **সদস্য** |
| (৭) | বেসরকারি আইসিডি বা সিএফএস এর দায়িত্বপ্রাপ্ত অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার | **সদস্য সচিব** |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।